

# সংবাদ

১৯৭১ সালের ১১ জুলাই

ঢাকা : বৃহস্পতিবার ২৭ আষাঢ় ১৪৩১  
Dhaka : Thursday 11 July 2024



## সামার-২০২৪ ওরিয়েন্টেশন নবীনদের স্বাগত জানালো এনএসইউ

নর্থ সাউথ ইউনিভার্সিটি সামার সেমিস্টার-২০২৪ ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করেছে। নবীন শিক্ষার্থীদের জন্য এই সেমিস্টার-ভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম উল্লেখযোগ্য একটি অনুষ্ঠান। এই অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি এবং একাডেমিক পদ্ধতির সাথে নবীন শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেওয়া হয়। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ১৮ জনকে শতভাগ মেধাবৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দ্য ডেইলি অবজারভারের সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, অতিথি ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনির আহমেদ, এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস শীমা আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসইউ কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান।